

- দিন অস্তে পারে না হরি তোমার নাম জপিতে ॥
- ২। জামা গায় কোচা দোলায় ছড়ি হতে জুতা পায়,  
ছোটে সব এক জুটে বাবু ভুলাতে অভীদায় ।  
গুরুজন সব ঠেলে পায়, সখের নেশায় মেতে রয়,  
বিধুমুখী টপ্পা গায়, বিধুমুখীর মন ভুলাতে ॥
- ৩। শালাবউ সম্বন্ধী এলে পড়ে থাকে তাদের পায়,  
গুরু এলে নোয়ায় না মাথা পাছে তেড়ি ভেঙ্গে যায় ।  
একি মরি হয় হয় জীর্ণ বস্ত্র মায়ের গায়,  
সখের শাড়ী শালির গায় মুখের কথা খসিতে ॥
- ৪। ইষ্ট পূজা বিষ্ণু পূজা উঠে গেল কলিকালে,  
কালের রঙ্গ দেখে কণ্ঠ মুখে হরি হরি বলে ।  
এ দেশে আর রব না, ঘরে ঘরে স্ত্রী সাধনা,  
ঢাকিল সংসার মদ গাজা সিদ্ধিগুলিতে ॥



৩৮নং

তাল—গড়খেমটা

- ভাইরে মানুষ নাই এ দেশে ।  
সকল মেকি সকল ফাঁকি ভেবে কিছু পাইনে দিশে ॥
- ১। ভাইরে স্বার্থ ছাড়া কথা কয় না, অর্থ ছাড়া কাজ করে না ।  
দেখতে শুনতে রকমটি বেশ চেনবার যো নাই বেশে ।  
পরকে ফাঁকি দিবার আশে, আছে মাত্র বসে---  
কেহ উচিত কথা বলতে গেলে পাগল বলে তারে হাসে ॥